

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৭৩০

খোয়াই, ৮ জুলাই, ২০২৪

তুলাশিখর ব্লকে প্রশাসনিক শিবির

খোয়াই মহকুমার তুলাশিখর ব্লকে গত ৫ জুলাই প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। খোয়াই মহকুমা প্রশাসনের উদ্যোগে ব্লকের পূর্ব রাজনগর এডিসি ভিলেজের দিনকোবরা উচ্চ বুনিয়াদি বিদ্যালয়ে এই প্রশাসনিক শিবিরের আয়োজন করা হয়। শিবিরে উপস্থিত ছিলেন খোয়াই মহকুমার মহকুমা শাসক মেঘা জৈন, ব্লকের অতিরিক্ত বিডিও বিশ্ব দেববর্মা এবং স্বাস্থ্য, শিক্ষা, পানীয়জল ও স্বাস্থ্য বিধান, পূর্ত, বিদ্যুৎ, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা, প্রাণীসম্পদ বিকাশ, কৃষি, মৎস্য, গ্রাম উন্নয়ন ও বনদপ্তরের আধিকারিকগণ। শিবিরে মহকুমা শাসক ও অন্যান্য আধিকারিকগণ স্থানীয় জনসাধারণের সাথে এলাকার উন্নয়ন কর্মসূচি এবং বিভিন্ন সমস্যা নিয়ে মতবিনিময় করেন। শিবিরে মহকুমা প্রশাসন থেকে ১০টি পিআরটিসি, ৪২টি আধার কার্ড, ৪০ আরওআর, ১৪টি এসটি, ২টি ইনকাম ও ১টি ম্যারেজ সার্টিফিকেটের আবেদনপত্র গ্রহণ করা হয়। স্বাস্থ্য দপ্তর থেকে ৬৬ জনের স্বাস্থ্য পরীক্ষা করে প্রয়োজনীয় ঔষধ দেওয়া হয়। তাছাড়াও শিবিরে প্রাণীসম্পদ বিকাশ দপ্তর থেকে ৩১টি পরিবারে ৩২৮টি গবাদি প্রাণীর চিকিৎসা করে প্রয়োজনীয় ঔষধ দেওয়া হয়েছে।
